



জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
বাংলাদেশ

স্মারক নং-জাতীঃ বিঃ/পনি/অনার্স ৩য় বর্ষ/২০২২/ ৩৮২৪

তারিখ : ১৪/০৫/২০২৪ খ্রিঃ

২০২২ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার পরীক্ষক ও প্রধান পরীক্ষকগণের প্রতি বিশেষ নির্দেশাবলী :

ডিজিটাল প্রক্রিয়ায় পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কাজ (ফরম পূরণ, প্রবেশপত্র বিতরণ, হাজিরা প্রদান, উত্তরপত্রের নম্বর গ্রহণ এবং পরীক্ষার ফলাফল প্রস্তুতকরণ ইত্যাদি) সম্পাদনের নিমিত্তে জাতীয় বিশ্ববিদ্যালয়ের জন্য প্রস্তুতকৃত Examination Management System (EMS) Software-এর মাধ্যমে পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়েছে। এ ব্যাপারে ২০২২ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় সকল পরীক্ষক ও প্রধান পরীক্ষকগণকে Examiner App-এর মাধ্যমে উত্তরপত্রের নম্বর প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

NU Examiner App পরিচালনা, নম্বর প্রেরণ ও অন্যান্য আনুষঙ্গিক নির্দেশাবলী :

পরীক্ষকগণের করণীয় :

- উত্তরপত্র গ্রহণের পর সকল উত্তরপত্রের নির্ধারিত বিষয় ও পত্র/কোর্সের আছে কিনা যাচাই করে পূর্বের নিয়মে উত্তরপত্রের ক্রমিক নম্বর বসিয়ে বৃত্ত ভরাট করতে হবে।
- উত্তরপত্র যথা নিয়মে মূল্যায়ন করে নম্বর প্রদানপূর্বক বৃত্ত ভরাট করে পরবর্তী সকল কাজ শেষ করে উত্তরপত্রসমূহ ক্রমিক নং অনুযায়ী সাজাতে হবে।
- যে কোন অ্যান্ড্রয়েড মোবাইল ফোনের Google Play Store থেকে NU Examiner App টি ইনস্টল করে নিতে হবে।
- পরীক্ষকের TMIS-এ প্রদত্ত মোবাইল নম্বরে মেসেজের মাধ্যমে প্রেরিত User ID এবং পাসওয়ার্ড দিয়ে Login করতে হবে।
- লগইন করার পর প্রথমেই পরীক্ষক যে পরীক্ষার উত্তরপত্র স্ক্যান ও মার্ক এন্ট্রি করবেন সেই পরীক্ষাটি নির্বাচন করবেন।
- সিরিয়াল অনুযায়ী সাজানো উত্তরপত্রগুলো NU Examiner App এর স্ক্যানারের মাধ্যমে উত্তরপত্রের মধ্যাংশের QR কোড টি স্ক্যানপূর্বক উত্তরপত্রের ক্রমিক নং এবং প্রাপ্ত নম্বর দুই বার টাইপ করে “Save Marks” বাটনে ক্লিক দিয়ে Save করতে হবে। একইভাবে সকল উত্তরপত্র স্ক্যান করতে হবে।
- সকল উত্তরপত্র স্ক্যান করা শেষ হলে অ্যাপের মেনুবার থেকে “Preview All Script” মেনুতে ক্লিক করলে সকল স্ক্যান করা উত্তরপত্রে প্রাপ্ত নম্বরসহ দেখা যাবে, প্রয়োজনে এখান থেকে মার্ক আপডেট ও ডিলিট করা যাবে।
- স্ক্যান করা সকল তথ্য সার্ভারে প্রেরণের জন্য অ্যাপের মেনুবার থেকে “Send to Server” মেনুতে ক্লিক করে “Yes” প্রেস করতে হবে।
- লগ-আউট করার জন্য মেনু বার থেকে “Logout” মেনুতে ক্লিক করতে হবে।

প্রধান পরীক্ষকগণের করণীয় :

- যে কোন অ্যান্ড্রয়েড মোবাইল ফোনের Google Play Store থেকে NU Examiner App টি ইনস্টল করে নিতে হবে।
- প্রধান পরীক্ষকের TMIS-এ প্রদত্ত মোবাইল নম্বরে মেসেজের মাধ্যমে প্রেরিত User ID এবং পাসওয়ার্ড দিয়ে Login করতে হবে।
- Login করার পর প্রথমেই প্রধান পরীক্ষক যে পরীক্ষার উত্তরপত্র স্ক্যান ও মার্ক এন্ট্রি করবেন সেই পরীক্ষাটি সিলেক্ট করবেন।
- পরীক্ষকগণের নিকট থেকে কতগুলো উত্তরপত্র এসেছে তা দেখার জন্য অ্যাপের হোম পেজের “Receive” বাটনে ক্লিক করতে হবে। এখানে যে কোন পরীক্ষকের TMIS আইডি দিয়ে সার্চ দিলে উক্ত পরীক্ষকের নিকট থেকে কতগুলো উত্তরপত্র এসেছে তা দেখা যাবে।
- মূল্যায়িত উত্তরপত্রের মার্ক আপডেট করার জন্য অ্যাপের হোম পেজের “Download” বাটনে ক্লিক দিয়ে সকল উত্তরপত্রের মার্কের তালিকা ডাউনলোড করে নিতে হবে। উত্তরপত্রের মার্ক আপডেট করার জন্য স্ক্যান বাটনে ক্লিক করে উত্তরপত্রের মধ্যবর্তী QR কোড টি স্ক্যান করলে Update Revise এবং Cancel এই তিনটি বাটন পাওয়া যাবে। এখানে Update বাটনে ক্লিক করলে মার্ক পরিবর্তন করে “Done” প্রেস করতে হবে।
- স্ক্যান করা সকল মার্ক সার্ভারে প্রেরণের জন্য অ্যাপের হোম পেজ থেকে “Send” মেনুতে ক্লিক করে “Yes” প্রেস করতে হবে। অথবা সার্ভারে পাঠানোর আগে প্রিভিউ দেখতে চাইলে “View All” বাটনে ক্লিক করতে হবে। প্রয়োজনে এখান থেকেও “Send” বাটনে ক্লিক করে মার্ক পাঠানো যাবে।
- একজন প্রধান পরীক্ষক একটি উত্তরপত্রের সর্বোচ্চ ১০% নম্বর বাড়াতে বা কমাতে পারবেন। এর চেয়ে বেশি কমাতে বা বাড়াতে চাইলে পরীক্ষা নিয়ন্ত্রক মহোদয়কে অ্যাপ থেকে রিকোয়েস্ট পাঠাতে হবে। পরীক্ষা নিয়ন্ত্রক মহোদয় রিকোয়েস্ট একসেস্ট করলেই কেবল প্রধান পরীক্ষক ১০% এর বেশি নম্বর বাড়াতে বা কমাতে পারবেন। এই জন্য যে উত্তরপত্রের মার্ক ১০% এর বেশি আপডেট করতে হবে সেই উত্তরপত্রটি আগের নিয়মে স্ক্যান করে “Revise” বাটনে ক্লিক করে একটি নোট লিখে “Done” বাটনে ক্লিক করতে হবে।
- রিকোয়েস্টের স্ট্যাটাস দেখতে অ্যাপের হোম পেজে “Request” বাটনে ক্লিক করতে হবে।
- লগ আউট করার জন্য মেনু বার থেকে “Logout” মেনুতে ক্লিক করতে হবে।

প্রয়োজনে যোগাযোগ করুন :

১। জনাব এস এম তানভীর সিদ্দীক	-	০১৭০৩ ৭২৫৮১৮
২। জনাব মোঃ মেহেদী হাসান	-	০১৬৭৬ ২২৭০১৯
৩। জনাব মোস্তাদিরুল ইসলাম রাজু	-	০১৬০৯ ৬০৫৪৯৪
৪। জনাব মোঃ ইব্রাহীম খন্দকার	-	০১৭১০৬ ৫৯০৬৮

উত্তরপত্রের নম্বর প্রেরণে আপনাদের সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি।

Mesbah Uddin

(মেজবাহ উদ্দিন)

১৭. ০১. ২৪

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।

ফোন: ০২-৯৯৬৬৯১৫১৭

ই-মেইল: controller@nu.ac.bd